


ত্রৈমাসিক

# রাজউক বার্তা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রকাশনা

www.rajuk.gov.bd

ভলিউম-১২ | সংখ্যা-২ | জানুয়ারি-জুন ২০২২ | বাংলা ১৪২৯




রাজউকে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, রাজউকসহ অন্যান্য কর্মকর্তাগণ

## রাজউকে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন

মহান স্বাধীনতা দিবস ২০২২ এ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে বঙ্গবন্ধু কর্নারের উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শরীফ আহমেদ, এমপি। এ সময় আরও উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব শহীদ উল্লা খন্দকার, রাজউক চেয়ারম্যান এবিএম আমিন উল্লা নূরীসহ মন্ত্রণালয় ও রাজউকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। দিবসটির সূচনায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। অনুষ্ঠিত হয় মিলাদ ও দোয়া মাহফিল।



রাজউকে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন অনুষ্ঠানে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব, চেয়ারম্যান, রাজউক এবং মন্ত্রণালয় ও রাজউকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ


**প্রধান উপদেষ্টা**
**মো: আনিছুর রহমান মিঞা, পিএএ**
চেয়ারম্যান, রাজউক

**উপদেষ্টাবৃন্দ**
**শফি উল হক**
সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ), রাজউক
**মোঃ মুনির হোসেন খান**
সদস্য (এস্টেট ও ভূমি), রাজউক
**কবির আল আসাদ**
সদস্য (প্রশাসন ও অর্থ), রাজউক
**মেজর (ইঞ্জি.) সামসুদ্দীন আহমদ চৌধুরী (অব.)**
সদস্য (উন্নয়ন), রাজউক
**মোহাম্মদ নাসির উদ্দীন**
সদস্য (পরিকল্পনা), রাজউক

**সম্পাদক**
**মুহম্মদ কামরুজ্জামান**
পরিচালক (প্রশাসন), রাজউক

**উপ-সম্পাদক**
**মো. কামরুল ইসলাম**
পরিচালক (জোন ৬), রাজউক
**মো. মমিন উদ্দিন**
পরিচালক (জোন ৭), রাজউক
**শামীমা মোমেন**
পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল), রাজউক
**মাহফুজা আক্তার**
নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা প্রণয়ন), রাজউক

**সহকারী সম্পাদক (সদস্য সচিব)**
**মো. আতিকুর রহমান,**
উপপরিচালক (এস্টেট ও ভূমি ৩), রাজউক, ঢাকা।

**সহকারী সম্পাদক**
**রিদুয়ান ছায়েদ**
উপপরিচালক (এস্টেট ও ভূমি) (চলতি দায়িত্ব), উত্তরা এপার্টমেন্ট প্রকল্প (প্রেষণে), রাজউক
**সোনিয়া শাহনাজ**
সহকারী অথারাইজড অফিসার, (অতিরিক্ত দায়িত্ব) উপপরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ ১), রাজউক
**মো. শাফাত সাঈদ চৌধুরী**
সহকারী প্রকৌশলী (সিভিল), ডিজাইন বিভাগ, রাজউক



## সম্পাদকীয়

মহামারি, যুদ্ধ আর প্রাকৃতিক দুর্যোগকে পেছনে ফেলে দেশ ও রাজউক এগিয়ে চলেছে দুর্বার কর্মযজ্ঞে। একই সাথে কর্ম পরিবেশে শুদ্ধাচার চর্চাকে উৎসাহিত করতে নেয়া হয়েছে নানামুখী পদক্ষেপ। শুদ্ধাচার বিষয়ক কর্মশালা আয়োজন, প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা, শুদ্ধাচার পদক প্রদান এবং চেয়ারম্যান মহোদয় কর্তৃক সেবাগ্রহীতাদের প্রতিকার প্রদানের নিমিত্ত নিয়মিত গণশুনানি আয়োজনের মধ্য দিয়ে তা নতুন মাত্রা পেয়েছে। দেশপ্রেম ও শুদ্ধাচারের চেতনায় উজ্জীবিত হয়ে জাতীয় দিবসসমূহ পালনকালে সেই দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়েছে। সর্বোপরি আমাদের জাতীয় জীবনে বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করতে, তাঁর ব্যক্তিত্ব ও জীবনদর্শন আমাদের দৈনন্দিন চর্চায় লালন করতে রাজউকে স্থাপন করা হয়েছে বঙ্গবন্ধু কর্নার। ফলে রাজউকের কর্মকর্তা-কর্মচারী থেকে শুরু করে সেবাগ্রহীতাদের জন্য বঙ্গবন্ধুকে জানার সুযোগ তৈরি হলো। এ মুহূর্তে রাজউকে নতুন নিয়োগ প্রক্রিয়াকে এগিয়ে নিতে উল্লেখযোগ্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। একটি স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে ভবিষ্যৎ নেতৃত্ব বেছে নেয়ার এ প্রক্রিয়ার গুরুদায়িত্ব সুচারুরূপে সম্পন্ন হবে আশা করা যায়। অন্যদিকে দুজন সহকর্মীকে হারিয়েছি আমরা এ সময়ে। তাদের আত্মার মুক্তি কামনা ও পরিবারের প্রতি সমবেদনা রইল।

চলমান কর্মযজ্ঞের মাঝেই রাজউকে নতুন চেয়ারম্যান মহোদয় যোগদান করেছেন। প্রাক্তন চেয়ারম্যান মহোদয়ের বৃহত্তর পরিসরে কর্মক্ষেত্রে প্রবেশের জন্য রইল শুভকামনা আর নতুন চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে রাজউক এগিয়ে যাবে এই আশাবাদ রইল। সবার জন্য শুভকামনা।

**মুহম্মদ কামরুজ্জামান (উপসচিব)**
সম্পাদক ও পরিচালক (প্রশাসন)

## রাজউকে নতুন চেয়ারম্যান-এর যোগদান



জনাব মো: আনিছুর রহমান মিঞা, পিএএ, গত ৪ জুন রাজউকের নবাগত চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। এর পূর্বে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিডি উইংয়ের অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন। তিনি বিদায়ী চেয়ারম্যান জনাব এবিএম আমিন উল্লাহ নূরী (সচিব)-এর নিকট থেকে দায়িত্ব গ্রহণ করেন। রাজউকের বিদায়ী চেয়ারম্যান জনাব এবিএম আমিন উল্লাহ নূরী সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক ও সেতু বিভাগের সচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।



বিদায়ী চেয়ারম্যানকে শুভেচ্ছা স্মারক উপহার

চাকুরি জীবনে মো: আনিছুর রহমান মিঞা, পিএএ মাঠ পর্যায়ের প্রায় সকল স্তরসহ মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশের গুরুত্বপূর্ণ দু'টি জেলা যথাক্রমে টাঙ্গাইল ও নারায়ণগঞ্জ জেলার জেলা প্রশাসক হিসেবে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন। জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালনকালে তিনি তাঁর কাজের স্বীকৃতিস্বরূপ সরকার কর্তৃক একাধিক পুরস্কারে ভূষিত হয়েছেন।



চেয়ারম্যান, রাজউকের দায়িত্ব হস্তান্তর ও গ্রহণ

# প্রশাসন

## প্রশিক্ষণ কর্মসূচি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের অংশ হিসেবে ১৩ মার্চ ২০২২ সাল থেকে ২২ মে ২০২২ সাল পর্যন্ত ৮টি ব্যাচে উন্নয়ন নিয়ন্ত্রণ শাখার (৭ম গ্রেড-১০ম গ্রেড) ১৫৬ জন কর্মকর্তাগণকে E-Nothi ও Ease of Doing Business (EoDB) বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া এস্টেট ও ভূমি শাখায় কর্মরত ৯ম হতে তদূর্ধ্ব গ্রেডের ২০ জন কর্মকর্তাকে ৩০ মার্চ ২০২২ সালে MIS যাচাই সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।



অভ্যন্তরীণ প্রশিক্ষণ সনদ প্রদান



ই-নথি প্রশিক্ষণে কর্মকর্তাবৃন্দ



ই-নথি প্রশিক্ষণে উপস্থিত রাউজকের প্রশিক্ষণার্থীবৃন্দ



মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রশিক্ষণে রাজউকের কর্মকর্তাবৃন্দ

## নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের রাজস্ব খাতভুক্ত (বেতন গ্রেড ৯-১০) সরাসরি নিয়োগযোগ্য (সহকারী পরিচালক, সহকারী পরিচালক (রিসার্চ ও ডকুমেন্টেশন), সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক), সহকারী অথরাইজড অফিসার, সহকারী নগর পরিকল্পনাবিদ, সহকারী স্থপতি, সহকারী আইন কর্মকর্তা, উপসহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক), প্রধান ইমারত পরিদর্শক, তত্ত্বাবধায়ক, এস্টেট পরিদর্শক, কানুনগো ও ইমারত পরিদর্শক) শূন্য পদে (১৪৪টি) জনবল নিয়োগের লক্ষ্যে ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউট (আইবিএ), ঢাকা বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে



নিয়োগ পরীক্ষার তদারকিতে রাজউকের কর্মকর্তাবৃন্দ

গত ২০-২১ মে, ২০২২ সালে ৫৭,৩১৯ জন প্রার্থীর প্রাথমিক বাছাই (প্রিলিমিনারি) পরীক্ষা এবং প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ ২,৩৯০ জন প্রার্থীর লিখিত (রচনামূলক) পরীক্ষা গত ০৩-০৪ জুন, ২০২২ সালে অনুষ্ঠিত হয়েছে। লিখিত (রচনামূলক) পরীক্ষায় ৭৫০ জন প্রার্থী মৌখিক পরীক্ষার জন্য উত্তীর্ণ হয়েছে। পরবর্তীতে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে নিয়োগ কার্যক্রম সমাপ্ত করা হবে।

## সামাজিক দায়বদ্ধতা, সিটিজেন চার্টার ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের মিলনায়তনে ২০ এপ্রিল ২০২২ সালে সামাজিক দায়বদ্ধতা, সিটিজেন চার্টার ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় ৯ম গ্রেড হতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। জনাব ম্যাক (চঞ্চল) খান, রিসার্চ ফেলো, ফ্যাকাল্টি অব পলিটিক্যাল এন্ড সোশাল সায়েন্সেস, মেলবোর্ন ইউনিভার্সিটি-কে রিসোর্স পার্সন হিসেবে আমন্ত্রণ জানানো হয়। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে প্রশাসন শাখা হতে জনাব মুহম্মদ কামরুজ্জামান, পরিচালক (প্রশাসন)-এর তত্ত্বাবধানে কর্মশালার আয়োজন করা হয়।

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও চতুর্থ শিল্প বিপ্লব (4IR) বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

২২ জুন ২০২২ সালে রাজউক অডিটরিয়ামে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও চতুর্থ শিল্প বিপ্লব (Fourth Industrial

Revolution) বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজউকের চেয়ারম্যান (সচিব) জনাব মো: আনিছুর রহমান মিঞা,



কর্মশালয় রাজউকের কর্মকর্তাবৃন্দ

পিএএ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব শফি উল হক, সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ), রাজউক। কর্মশালায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন জনাব মো. শাফায়াত মাহবুব চৌধুরী, যুগ্মসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ। এছাড়া চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে প্রফেসর ড. আইরিন আক্তার, ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউট (IBA), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিস্তারিত উপস্থাপন করেন। সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত কর্মশালায় রাজউকের নবম গ্রেড ও তদূর্ধ্ব ১৫৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## যুগ্মসচিব হিসেবে পদোন্নতি



রাজউকের পরিচালক (এস্টেট ও ভূমি-১) মোহাম্মদ নূরুল ইসলাম, যুগ্মসচিব হিসেবে গত ২৯ জুন ২০২২ সালে পদোন্নতি পেয়েছেন। রাজউক পরিবারের পক্ষ থেকে অভিনন্দন।

## শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান

রাজউকের শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়েছে। শুদ্ধাচার চর্চা উৎসাহিত করার লক্ষ্যে দুটি ক্যাটাগরিতে নিম্নে বর্ণিত ৯ জন কর্মকর্তা-কর্মচারী এ বছর শুদ্ধাচার পদক লাভ করেছেন। সকলকে রাজউকের পক্ষ থেকে অভিনন্দন।

| ক্রম | নাম | পদবি ও দপ্তর |
|---|---|---|
| ০১ | জনাব শামীমা মোমেন | পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল) (চ: দা:) রাজউক, ঢাকা। |
| ০২ | জনাব মো. আশরাফুল ইসলাম | নগর পরিকল্পনাবিদ (চ: দা:) রাজউক, ঢাকা। |
| ০৩ | জনাব মোহাম্মদ নাজমুস সাকিব জামালী | নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক-১) (চ: দা:) রাজউক, ঢাকা। |
| ০৪ | জনাব মোঃ আল মামুন | উপপরিচালক (এস্টেট ও ভূমি) (চ: দা:) ও লিঁয়াজো অফিসার, চেয়ারম্যান দপ্তর, রাজউক, ঢাকা। |
| ০৫ | জনাব তানজিন ফেরদৌসী | উচ্চমান সহকারী (প্রশাসন শাখা), রাজউক, ঢাকা। |
| ০৬ | জনাব মোঃ আব্দুল করিম | জরিপ সাথী, রাজউক, ঢাকা। |
| ০৭ | জনাব মোঃ আজিম খাঁন | হালকা গাড়িচালক, রাজউক, ঢাকা। |
| ০৮ | জনাব মো. ইদ্রিস আলী | অফিস সহায়ক (নগর পরিকল্পনা শাখা), রাজউক, ঢাকা। |
| ০৯ | জনাব শ্রী নাগরাজ | পরিচ্ছন্নতা কর্মী, রাজউক, ঢাকা। |

## নগর পরিকল্পনা

### নগর পরিকল্পনা শাখা কর্তৃক ১ জানুয়ারি ২০২২ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত ৪৫২২টি ভূমি ব্যবহার ছাড়পত্র নিষ্পত্তি

| অঞ্চলের নাম | জমা | মোট নিষ্পত্তি |
|---|---|---|
| অঞ্চল-১ (আশুলিয়া-ধামসোনা) | ১৬৪ | ১৯৭ |
| অঞ্চল-২ (উত্তরা-টঙ্গী-গাজীপুর) | ৮৫৩ | ৭৩০ |
| অঞ্চল-৩ (সাভার-মিরপুর) | ৮৭০ | ৭৮৩ |
| অঞ্চল-৪ (গুলশান-মহাখালী-পূর্বাচল) | ৮২৯ | ৭৭৯ |
| অঞ্চল-৫ (ধানমন্ডি-লালবাগ) | ২৪৭ | ২৩০ |
| অঞ্চল-৬ (মতিঝিল-ভুলতা) | ১০৪৩ | ৮১৫ |
| অঞ্চল-৭ (কেরাণীগঞ্জ -ঝিলমিল-সূত্রাপুর) | ১১২ | ১৩২ |
| অঞ্চল-৮ (নারায়ণগঞ্জ-ডেমরা- সোনারগাঁও) | ৭৯৮ | ৮৫৬ |
| মোট | ৪৯১৬ | ৪৫২২ |

# অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান শতভাগ কার্যকর

যাত্রা শুরুর ছয় বছরের মাথায় প্রথমবারের মতো শতভাগ অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র দিয়েছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ। এর ফলে এখন থেকে রাজউকে একবারের জন্যও না গিয়ে ভূমি ব্যবহারের ছাড়পত্র পাচ্ছেন সেবাগ্রহীতারা। এর মাধ্যমে গ্রাহক ভোগান্তি অনেকাংশে কমে আসছে, স্বচ্ছতা বাড়ছে এবং ভূমি ব্যবহার ছাড়পত্র অন্য সময়ের তুলনায় তিন থেকে পাঁচ দিন আগে দেওয়া হচ্ছে। এ সংক্রান্ত একটি খবর গত ২২ মে ২০২২ জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হয়।




# Transit Oriented Development along Mass Transit Corridor শীর্ষক প্রকল্পের প্রথম সেমিনার অনুষ্ঠিত

রাজউক এবং Japan International Cooperation Agency (JICA) কর্তৃক "Project for Development of Policy and Guidelines for Transit Oriented Development along Mass Transit Corridor" শীর্ষক প্রকল্পের প্রথম সেমিনার গত ১৫ মার্চ, ২০২২ সালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে রাজউক চেয়ারম্যানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা, জাইকা টিম, সকল অংশীজন প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। রাজউকের পক্ষ থেকে প্রকল্পের সার-সংক্ষেপ, ঢাকাতে TOD-এর বিভিন্ন দিক তুলে ধরে সূচনা বক্তব্য প্রদান করেন জনাব মাহফুজা আক্তার, প্রকল্প পরিচালক। সেমিনারে TOD-এর Concept, জাপানে TOD এর বিভিন্ন দিক এবং ঢাকার ক্ষেত্রে TOD এর Challenges ইত্যাদি বিষয় নিয়ে প্রকল্পের টিম লিডার মি. নোজমি হিসিদা ভেন্যুতে উপস্থাপনা প্রদান করেন। সমাপনী বক্তব্যে চেয়ারম্যান, রাজউক বলেন, বাংলাদেশে Transit Oriented Development ধারণাটি নতুন বিধায় TOD সম্পর্কিত নীতিমালা এবং নির্দেশিকাগুলো প্রণয়ন করা দরকার যাতে TOD'র স্টেকহোল্ডাররা সেগুলো কাজে লাগাতে পারে এবং MRT স্টেশনগুলোর সাথে TOD বাস্তবায়নের বিষয়টি সমন্বয় করতে পারে যা ভবিষ্যতে ঢাকা শহরের যানজট নিরসনে ভূমিকা পালন করবে। উল্লেখ্য, প্রকল্পটি JICA-এর কারিগরি সহায়তায় বাস্তবায়িত হচ্ছে।



সেমিনারে সমাপনী বক্তব্য প্রদান করছেন
জনাব এ বি এম চেয়ারম্যান (সচিব), রাজউক


সেমিনারে অংশগ্রহণকারীদের একাংশ

# বাংলাদেশ টিওডি: পরিবেশগত এবং আর্থ-সামাজিক জরিপ বিষয়ক ১ম ও ২য় অংশীজন পরামর্শকরণ সভা অনুষ্ঠিত

“Project for Development of Policy and Guidelines for Transit Oriented Development along Mass Transit Corridor” শীর্ষক প্রকল্পের আওতায় ২৪ মার্চ, ২০২২ সালে অনুষ্ঠিতব্য বাংলাদেশ টিওডি: পরিবেশগত এবং আর্থ-সামাজিক জরিপ (Bangladesh TOD- Environmental and Social Consideration Survey) বিষয়ক ১ম ও ২য় অংশীজন পরামর্শকরণ সভা যথাক্রমে ২৪ মার্চ, ২০২২ ও ২ জুন, ২০২২ সালে ইমানুয়েল’স কনভেনশন হল, গুলশান, ঢাকা এ অনুষ্ঠিত হয়। উক্ত সভাদ্বয়ে TOD Concept প্ল্যান-এর জন্য পরিবেশ ও সামাজিক প্রভাবের প্রাথমিক ফলাফল আলোচনা এবং পরিবেশ ও সামাজিক প্রেক্ষাপটের বিভিন্ন দিক বিষয়ে মতবিনিময় ও আলোচনা করা হয়।



অংশীজন পরামর্শকরণ সভায় বক্তব্য প্রদান করছেন প্রকল্প পরিচালক

# ঢাকা নগর পুনঃউন্নয়ন (Dhaka Urban Regeneration) প্রকল্পের যাত্রা শুরু

ঢাকা মেট্রোপলিটন এলাকার মধ্যে “পুরান ঢাকা” অন্যতম একটি এলাকা যেখানে



ঢাকা নগর পুনঃউন্নয়ন প্রকল্পের জন্য সম্ভাব্য প্রকল্প এলাকা পরিদর্শনে প্রকল্প পরিচালকসহ স্টাডি টিম

অপরিকল্পিত নগরায়নের ফলে জরাজীর্ণ ভবন, সরু রাস্তা এবং অপর্যাপ্ত নাগরিক সুবিধা সমস্যার সম্মুখীন হয়েছে। অসামঞ্জস্যপূর্ণ এবং বিপজ্জনকভাবে ভূমি ব্যবহারের অস্তিত্ব প্রায়ই এলাকাগুলোকে ঝুঁকিপূর্ণ এবং স্বাস্থ্যকর জীবনযাপনের জন্য অনুপযুক্ত করে তোলে। পুরান ঢাকার স্বাতন্ত্র্য বজায় রেখে পরিকল্পিত নগরায়নের মাধ্যমে এই নাগরিক সমস্যাগুলো কাটিয়ে ওঠার একটি অন্যতম উপায় হতে পারে নগর পুনঃউন্নয়ন। হাজারীবাগ ঢাকা শহরের কেন্দ্রস্থলে একটি পুরাতন শিল্পনগর ছিল। তবে, বর্তমানে মোট জমির একটি উল্লেখযোগ্য অংশ এখন অব্যবহৃত, অনুন্নত বা খালি। শহরের মধ্যে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ ভৌগোলিক অবস্থানের কারণে, পুনঃউন্নয়নের ক্ষেত্রে হাজারীবাগ একটি সম্ভাবনাময় এলাকা। পুরান ঢাকায় ও হাজারীবাগ এলাকায় নগর পুনঃউন্নয়নের জন্য ঢাকা আরবান রিজেনারেশন প্রকল্প গ্রহণ করা হয়েছে।



প্রস্তাবিত প্রকল্প এলাকা পরিদর্শন

প্রাথমিকভাবে পুরান ঢাকার সাতটি সাইটে ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের কাজ চলমান আছে। রাজউক এবং এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (AIIB) এর যৌথ উদ্যোগে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। ঢাকা নগর পুনঃউন্নয়ন (Dhaka Urban Regeneration) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ পরিকল্পিত নগরায়নে নতুন মাত্রাযোগে উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জনে এক ধাপ এগিয়ে যাবে।

## উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের ল্যান্ডস্কেপ নকশা প্রণয়ন

উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের চাহিদা মোতাবেক সমগ্র প্রকল্প এলাকার জন্য একটি প্রাথমিক ল্যান্ডস্কেপ নকশা (Conceptual Landscape Design) প্রণয়ন করা হয়। ইতোমধ্যে প্রকল্প এলাকায় প্রস্তাবিত শিশু পার্ক (Children Park), খেলার মাঠ ১ ও ২ (Play Ground 1 & 2)-এর চূড়ান্ত স্থাপত্য নকশা প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে এবং প্রস্তাবনা মোতাবেক পরবর্তী কাজসমূহ চলমান আছে।

## প্রোটোটাইপ নকশা প্রণয়নের কার্যক্রম চলমান

মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক রাজউকের বিভিন্ন আবাসিক প্রকল্পের প্লটসমূহে ইমারত নির্মাণের জন্য ও প্রোটোটাইপ নকশা প্রণয়নের কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে ইতোমধ্যে এ সংক্রান্ত কমিটির দুটি সভা অনুষ্ঠিত হয়েছে।

## কল সেন্টার সার্ভিসের মাধ্যমে রাজউকের সেবা

রাজউক প্রদত্ত সেবা সম্পর্কে সেবা প্রত্যাশীদের বিভিন্ন ধরনের জিজ্ঞাসা রয়েছে। সেবা প্রত্যাশীদের এ সম্পর্কে স্পষ্ট ধারণা দেয়ার নিমিত্ত রাজউকে কল সেন্টার সেবা চালু



করা হয়েছে। এখন থেকে সেবাগ্রহীতা রাজউকের কল সেন্টারে ০৯৬১০৯৯০৯৯০ নম্বরে ফোন করে সকল সেবা সংক্রান্ত তথ্য জানতে পারবেন।

# উন্নয়ন নিয়ন্ত্রণ

## অনলাইনভিত্তিক নির্মাণ অনুমোদন ও বিশেষ প্রকল্পের কার্যক্রম চলমান

গত ১০ মে ২০১৯ সাল থেকে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ অনলাইন ভিত্তিক নির্মাণ অনুমতি (৩সি) শুরু করেছে। ২০২১ সালের ২৪ নভেম্বর থেকে শুরু হয়েছে অনলাইনভিত্তিক বিশেষ প্রকল্পের ছাড়পত্র প্রদান।

বর্তমানে দ্রুত অকুপেন্সি সার্টিফিকেট এর অনলাইনভিত্তিক আবেদন ও কারিগরি সহায়তাকারী প্রতিষ্ঠান অনুমতি শুরু করার লক্ষ্যে উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা ও সহায়তাকারী কারিগরি প্রতিষ্ঠান টেকনোহ্যাভেন কাজ করে যাচ্ছে। যার ধারাবাহিকতায় গত ১৩ জুন ২০২২ তারিখে রাজউক এর উন্নয়ন নিয়ন্ত্রণ শাখার কর্মকর্তাগণ এর সাথে টেকনোহেভেনের CP Permit Automatic System-এর User Acceptance Test (UAT) অনুষ্ঠিত হয়। উক্ত প্রোগ্রামে উপস্থিত ছিলেন পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১), পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-২), জোনাল অথরাইজড অফিসারসহ অন্যান্য সহকারী অথরাইজড অফিসার এবং টেকনোহেভেনের মুখপাত্র। প্রোগ্রামে নির্মাণ অনুমোদন, বিশেষ প্রকল্প ছাড়পত্র, অকুপেন্সি সার্টিফিকেটসহ Construction Permit Automatic System-এর অন্যান্য সকল গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

### বিশেষ প্রকল্পের নকশা অনুমোদনের প্রতিবেদন জানু.-জুন ২০২২

| শাখার নাম | নকশা জমার সংখ্যা | নকশা অনুমোদন-এর সংখ্যা | নকশা প্রত্যাখান | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|
| উন্নয়ন নিয়ন্ত্রণ-১ | ১১৫ | ৫২ | ৭ | ৪০ |
| উন্নয়ন নিয়ন্ত্রণ-২ | ১৩০ | ৬৪ | ০ | ৩০ |
| মোট = | ২৪৫ | ১১৬ | ৭ | ৭০ |

১১৬টি বিশেষ প্রকল্প এবং ৫,৭৫০টি নক্সা অনুমোদিত।

### বিভিন্ন জোনে নক্সা অনুমোদনের তথ্য

| জোনের নাম | নকশা জমার সংখ্যা | নকশা অনুমোদনের সংখ্যা |
|---|---|---|
| জোন-১ | ১৬১ | ১১২ |
| জোন-২ | ৮৩৯ | ৮১৩ |
| জোন-৩ | ১২৯৬ | ১১৬৯ |
| জোন-৪ | ১৫৯৩ | ১৩৭৭ |
| জোন-৫ | ১৭৯ | ১৭১ |
| জোন-৬ | ৮১৬ | ৯২২ |
| জোন-৭ | ৬০ | ৪২ |
| জোন-৮ | ৭৯১ | ১১৪৪ |
| মোট = | ৫৭৩৫ | ৫৭৫০ |

## উচ্ছেদ কার্যক্রম

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ যুগোপযোগী নগর উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং একই সাথে উন্নয়ন নিয়ন্ত্রণ করে তা বাস্তবায়ন করে আসছে। পরিকল্পিত নগরায়ন, ভূমির সুষ্ঠু ব্যবহার ও উন্নয়ন নিশ্চিতকল্পে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ নিয়মিত পরিদর্শন এবং উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করে থাকে। নিয়মিত পরিদর্শনকালে ইমারত পরিদর্শক অবৈধ স্থাপনা বা ব্যবহার চিহ্নিত করে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উচ্ছেদ/মোবাইল কোর্ট কার্যক্রমের জন্য ব্যবস্থা গ্রহণ করেন।

প্রতিটি জোন হতে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে এবং অথরাইজড অফিসারের নেতৃত্বে, সহকারী অথরাইজড অফিসার, প্রধান ইমারত পরিদর্শক ও ইমারত পরিদর্শক, অন্যান্য কর্মকর্তাগণ ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উপস্থিতিতে

| জোনের নাম | উচ্ছেদ কার্যক্রম | পরিদর্শন |
|---|---|---|
| জোন-১ | ০ | ৫৭ |
| জোন-২ | ২০ | ৮৫৬ |
| জোন-৩ | ৩১ | ১৯৪৬ |
| জোন-৪ | ১৩ | ১৩৬১ |
| জোন-৫ | ০৮ | ২১০ |
| জোন-৬ | ১০৬ | ১৩০১ |
| জোন-৭ | ২৬ | ৮০১ |
| জোন-৮ | ৩৫ | ১৩৮৬ |
| মোট | ২৩৯ | ৭৯১৮ |



রাজধানীর বিভিন্ন এলাকায় উচ্ছেদ/মোবাইল কোর্টের কার্যক্রম পরিচালনা। উক্ত উচ্ছেদ/মোবাইল কোর্টে ইমারতের নির্মাণ অনুমোদনের বহির্ভূত অংশ অপসরণ বা ভবনের অবৈধ ব্যবহার বন্ধ এবং জরিমানা আদায় করা হয়েছে।



উচ্ছেদ অভিযান

## ভবনসমূহে স্থিতিস্থাপকতা/সহনশীলতা বৃদ্ধির জন্য JICA-এর সাথে ডিজাইন এবং নির্মাণের গুণগতমান বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রকল্প পরিকল্পনা গ্রহণ

রাজউক হতে ভবনের স্থাপত্য নকশা অনুমোদনের সাথে কাঠামোগত, ইলেকট্রিকাল, মেকানিক্যাল ও ফায়ার নকশা রিভিউ করার

বিষয়ে রাজউক কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান, নির্মাণ সহনশীলতা বৃদ্ধি এবং অংশীদারদের মাঝে এ সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রাজউকের উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা DCQR (Improvement of Design and Construction Quality for Resilience of Private Building) নামে একটি প্রকল্প পরিকল্পনা করছে। এ প্রকল্পে JICA কারিগরি অংশীদারি হিসেবে কাজ করবে, যেখানে JICA প্রকল্প বাস্তবায়নে কারিগরি নির্দেশনা, পরামর্শ ও সুপারিশের মাধ্যমে তার ভূমিকা পালন করবে।

মাঠ পর্যায়ে প্রজেক্টের গবেষণার অংশ হিসেবে ১৪ জুন ২০২২ তারিখে জাপান থেকে আগত JICA টিম ও রাজউকের কর্মকর্তাদের সাথে রিয়েল এস্টেট কোম্পানি SEL-এর নিজস্ব ভবনে একটি সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশের নির্মাণ শিল্পে বর্তমান ধারা সম্পর্কে অবগত হওয়া এবং প্রকৌশলীদের অবদান ও কার্যপরিধি নিয়ে ভাবনার আদান প্রদানই ছিল এই সভার মূল উদ্দেশ্য।

মাঠ পর্যায়ে গবেষণার ধারাবাহিকতায় ২৩ জুলাই ২০২২ সালে JICA ও রাজউকের টিম



JICA, রাজউক ও SEL-এর যৌথ মিটিং

গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলী হাজবুল কবির, নির্বাহী প্রকৌশলী (Design)-এর দপ্তর পরিদর্শন করেন। বর্তমান কাঠামোগত নকশার প্রয়োজনীয়তা, নির্মাণ মানদণ্ড, ডিজাইন কৌশল ও প্র্যাকটিস বিষয়ক আলোচনা এই মিটিং এ প্রাধান্য পায়। কিভাবে কাঠামোগত নকশার মান এবং গুরুত্ব বাড়ানো যায় এ বিষয়েও বিশদ আলোচনা হয়।

একই কার্যক্রমের অংশ হিসেবে JICA ও রাজউকের টিম ২৩ জুন ২০২২ সালে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. মাইন উদ্দিন-এর সাথে সাক্ষাৎ করেন। ইমারতে অগ্নি সুরক্ষা, বিধিমালা ও ডিজাইন প্রক্রিয়া নিয়ে বিশদ আলোচনা হয়। উক্ত সভায় মহাপরিচালক মহোদয় ভবিষ্যতে DCQR প্রোজেক্টকে সকল বিষয়ে সহযোগিতার আশ্বাস দেন।

এছাড়াও সচেতনতা বৃদ্ধি এবং ওয়েবসাইট নির্মাণ বিষয়ে রাজউকের DCQR প্রোজেক্ট-এর কোর মেম্বারদের সাথে MIS ও JICA-এর অনলাইনভিত্তিক মিটিং অনুষ্ঠিত হয়।



রাজউক, গণপূর্ত অধিদপ্তর ও JICA এর যৌথ মিটিং



রাজউক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং JICA এর ত্রিপক্ষীয় মিটিং



রাজউক ও JICA এর যৌথ মিটিং

# উন্নয়ন

## রাজউক উত্তরা এপার্টমেন্ট প্রকল্প



নির্মাণাধীন কমার্শিয়াল কমপ্লেক্স ভবনের মূল্য নির্ধারণ সংক্রান্ত সভা

৮ জানুয়ারি ২০২২ সালে জনাব কবির আল আসাদ, সদস্য (প্রশাসন ও অর্থ); জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, সদস্য (পরিকল্পনা); প্রধান প্রকৌশলী (প্রকল্প ও ডিজাইন), প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও প্রকল্প পরিচালকসহ উত্তরা এপার্টমেন্ট প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নির্মাণাধীন কমার্শিয়াল কমপ্লেক্স ভবনের মূল্য নির্ধারণ সংক্রান্ত আলোচনা শেষে ভবনটি পরিদর্শন করেন।



নির্মাণাধীন বাণিজ্যিক ভবন

## ৯ এপার্টমেন্ট প্রকল্প প্রতিবেদন

রাজউকের অর্থায়নে বাস্তবায়িত ঢাকার গুলশান, মোহাম্মদপুর, ধানমন্ডি ও লালমাটিয়া এলাকার ৯টি পরিত্যক্ত বাড়িতে বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণ প্রকল্প (৯ এপার্টমেন্ট প্রকল্প) এর অধীনে ৯টি প্লটে সর্বমোট ১৮১টি এপার্টমেন্ট নির্মাণ



মার্চ ২০২২ এ লিফটসমূহের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন এ রাজউকের প্রতিনিধিগণ

করা হচ্ছে, যার মধ্যে ৩৬টি এপার্টমেন্ট সম্পূর্ণ বিনামূল্যে সরকারি আবাসন পরিদপ্তরকে হস্তান্তর করা হচ্ছে এবং বাকি ১৪৫টি ফ্ল্যাট বিক্রয়ের জন্য নির্ধারণ করা হয়েছে।

ইতোমধ্যে কিছু ফ্ল্যাটের বরাদ্দ লটারির মাধ্যমে প্রদান করা হয়েছে ও পরবর্তী সময়ে আরও ফ্ল্যাট লটারির মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে। ১ জানুয়ারি হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত প্রকল্পের ১৮১টি এপার্টমেন্টের মধ্যে, ভবন-২ ও ভবন-৭ এর সর্বমোট ৪৬টি ফ্ল্যাটের নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে।

বিগত মার্চ ২০২২ সময়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রকল্পের জন্য সরবরাহকৃত লিফ্‌টসমূহের প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের জন্য গ্রিস গমন করেন। ২ জুন ২০২২ খ্রি. প্রধান প্রকৌশলী, রাজউক, প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক) ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রকল্পের জন্য সরবরাহকৃত লিফ্‌টসমূহের পোস্ট-শিপমেন্ট ইন্সপেকশনের জন্য চট্টগ্রাম বন্দর পরিদর্শন করেন।

## রাজউক কুড়িল-পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে (কুড়িল হতে বালু নদী পর্যন্ত) ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন প্রকল্প

গত ২৩ জানুয়ারি ২০২২ তারিখে আইএমইডি প্রতিনিধি দল কর্তৃক রাজউক কুড়িল-পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে (কুড়িল হতে বালু নদী পর্যন্ত) ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক জনাব এহসান জামিলসহ রাজউক ও আইএমইডি'র কর্মকর্তাগণ।



প্রকল্প এলাকা পরিদর্শন

## এয়ারপোর্ট রোড টু পূর্বাচল লিঙ্ক রোড প্রকল্প

এয়ারপোর্ট রোড টু পূর্বাচল লিঙ্ক রোড প্রকল্পের Feasibility Study, Environment Impact Assessment (EIA), Conceptual Drawing-Design Preparation ইত্যাদি কার্যাবলি সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের ২৮ জুন ২০২২ খ্রি. Notice to Proceed (NTP) জারি করা হয়েছে।



গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও চেয়ারম্যান রাজউক মহোদয়সহ রাজউক কর্মকর্তাগণ কর্তৃক সাইট পরিদর্শন

## গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়ন প্রকল্প

গুলশান-বনানী-বারিধারা লেক পরিচর্যা ও রক্ষণাবেক্ষণে গুলশান সোসাইটি'র সাথে রাজউক-এর ৩ বছর মেয়াদি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়, রাজউকের চেয়ারম্যান ও অন্যান্য কর্মকর্তাগণ ও গুলশান সোসাইটির প্রতিনিধিগণ সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।




গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়, রাজউকের চেয়ারম্যানসহ অন্যান্য কর্মকর্তাগণ ও গুলশান সোসাইটির প্রতিনিধিগণ এর সমঝোতা স্মারক স্বাক্ষর

রাজউকের গুলশান-বনানী-বারিধারা লেকের বিভিন্ন অংশে সংযুক্ত অপরিকল্পিত পানি নিষ্কাশন প্রণালী ও অবৈধ পয়ঃপ্রণালীর সংযোগ বিচ্ছিন্নকরণ ও বিকল্প ব্যবস্থা গ্রহণার্থে চেয়ারম্যান, রাজউক মহোদয়ের সভাপতিত্বে এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা ওয়াসা, বাংলাদেশ নৌবাহিনী ও গুলশান সোসাইটির প্রতিনিধিগণের সমন্বয়ে বনানী ১৮নং রোড সংলগ্ন লেকে সাইট পরিদর্শন শেষে গুলশান লেক পার্কে একটি সভা অনুষ্ঠিত হয়।



চেয়ারম্যান, রাজউক মহোদয়ের সভাপতিত্বে এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা ওয়াসা, বাংলাদেশ নৌবাহিনী ও গুলশান সোসাইটির প্রতিনিধিগণ এর লেক পরিদর্শন

## ঝিলমিল আবাসিক প্রকল্প এলাকায় আবাসিক ও বাণিজ্যিক অবকাঠামো উন্নয়ন



(MOU) রাজউক চেয়ারম্যান ও প্রকল্প পরিচালকসহ কর্মকর্তাগণের সাইট পরিদর্শন

ঝিলমিল আবাসিক প্রকল্পের সংশোধিত মাস্টার প্ল্যান অনুমোদিত হয়েছে। এছাড়া অভ্যন্তরীণ রাস্তা পুনঃনির্মাণ এবং মেরামতের কার্যক্রমের অংশ হিসেবে ৫টি লটে প্রায় ৩০ কি.মি. রাস্তা পুনঃনির্মাণ এবং মেরামত করা হয়েছে।

## মাদানী এভিনিউ এক্সটেনশন প্রকল্প



মাদানী এভিনিউ প্রকল্পের নির্মাণাধীন বালু সেতু

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন "মাদানী এভিনিউ হতে বালু নদী পর্যন্ত (মেজর রোড ৫) প্রশস্তকরণ ও বালুনদী হতে শীতলক্ষ্যা নদী পর্যন্ত (মেজর রোড ৫ক) সড়ক নির্মাণ (১ম পর্ব)" শীর্ষক প্রকল্পের বালু সেতুর নির্মাণ কাজ চলমান রয়েছে।

## পূর্বাচল নতুন শহর প্রকল্প

পূর্বাচল নতুন শহর প্রকল্পের ১ জানুয়ারি ২০২২ সাল হতে ৩০ জুন ২০২২ সাল পর্যন্ত প্রকল্পের অভ্যন্তরে সারফেস ড্রেনসহ প্রায় ৯ কি.মি. এবং ৫টি ব্রিজের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।



রাজউক চেয়ারম্যান কর্তৃক প্রকল্প পরিচালকসহ প্রকল্প পরিদর্শন

এছাড়া প্রকল্পের লেক উন্নয়ন ও প্রটেকশন কাজের মোট ৬ কি.মি. কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্প এলাকায় বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত ডেসকো কর্তৃক কাজ চলমান আছে। ইতোমধ্যে ৪নং সেক্টরে ৩৩/১১ কেভি Substation এবং ২নং সেক্টরে ১৩২-১৩৩-১১ কেভি Grid Substation নির্মিত হয়েছে। ৩০টি সেক্টরে ১৪,০৮৫টি HT Pole স্থাপন করতে হবে। ইতোমধ্যে ২৩টি সেক্টরে ৭,২১১টি HT Pole স্থাপন করা হয়েছে এবং অবশিষ্ট ৬,৮৭৪টি HT Pole স্থাপনের কাজ চলমান আছে।

প্রকল্প এলাকায় বিদ্যুৎ সরবরাহ প্রদান শুরু করা হয়েছে এবং ১ জানুয়ারি ২০২২ সাল হতে ৩০ জুন ২০২২ সাল পর্যন্ত ৪৬০টি বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

## পূর্বাচল পানি সরবরাহ প্রকল্প

১৪ মার্চ ২০২২ তারিখে রাজউকের চেয়ারম্যান-এর পক্ষে সদস্য (উন্নয়ন),



পানি সরবরাহ কাজের উদ্বোধনী অনুষ্ঠানে সদস্য (উন্নয়ন), রাজউক

রাজউক গভীর নলকূপ স্থাপন কাজের শুভ উদ্বোধন করেন। প্রথম ধাপে ৩টি নলকূপ স্থাপন করা হয়। পরবর্তীতে ২৩ এপ্রিল ২০২২ খ্রি. রাজউকের চেয়ারম্যান-এর পক্ষে সদস্য (উন্নয়ন), রাজউক প্রকল্পের প্রশাসনিক ভবন ও ওয়ার্কশপ নির্মাণ কাজের উদ্বোধন করেন; যা চলমান আছে। এছাড়াও প্রকল্পের অধীনে পানির পাইপলাইন নেটওয়ার্ক স্থাপন কাজ শুরু করা হয়েছে।

## উত্তরা আদর্শ আবাসিক শহর (৩য় পর্ব) প্রকল্প সমাপ্ত

উত্তরা আদর্শ আবাসিক শহর (৩য় পর্ব) প্রকল্পের আওতায় ০১ জানুয়ারি ২০২২ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত প্রকল্পের অভ্যন্তরে ২৫.০০ কি. মি. রাস্তা সংস্কার ও মেরামতের কাজ এবং ৩.৫ কি.মি. উন্মুক্ত পাকা ড্রেন নির্মাণ করা হয়েছে।



চেয়ারম্যান, রাজউক কর্তৃক সমাপ্ত প্রকল্পের কাজ পরিদর্শন

এছাড়া প্রকল্পে ১৭৮টি বাউন্ডারি পিলার স্থাপন করা হয়েছে এবং গ্রিন বেল্ট ও সেন্ট্রাল আইল্যান্ডে প্রায় ১,৫০০টি বৃক্ষরোপণ করা হয়েছে।

## আরবান রেজিলিয়েন্স প্রকল্প

রাজউকের আরবান রেজিলিয়েন্স প্রকল্পের Electronic Construction Permitting System (ECPS)-এর জন্য অনলাইন পেমেন্ট



রাজউক ও মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক-এর মধ্যে চুক্তি স্বাক্ষর

গেটওয়ে স্থাপনের লক্ষ্যে ২৫ মে ২০২২ সালে রাজউক ও মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক-এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে চেয়ারম্যান, রাজউক এবং প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন।

# বিবিধ

## বঙ্গবন্ধুর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন

গত ১৭ মার্চ ২০২২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয়



বঙ্গবন্ধুর জন্ম দিবসে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

শিশু দিবস ২০২২ উদ্‌যাপিত হয়। জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধমে দিবসের সূচনা করা হয়। এ সময় চেয়ারম্যানসহ রাজউকের সদস্য পর্ষদ, রাজউক শ্রমিক লীগ ও রাজউক বঙ্গবন্ধু পরিষদের নেতৃবৃন্দ এবং সকল স্তরের কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। দিনব্যাপী উদ্‌যাপনের অংশ হিসেবে ছিল দোয়া মাহ্‌ফিল, শিশুদের রচনা লিখন ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। এ উপলক্ষ্যে রাজউকের মূল ভবন এবং হাতিরঝিল অফিসে অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। দিবসটি উদ্‌যাপনের অংশ হিসেবে ২৩ মার্চ রাজউক অডিটরিয়ামে অনুষ্ঠানে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপি এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মোঃ শহীদ উল্লা খন্দকার উপস্থিত ছিলেন।

## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ পালন উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারে প্রভাতে শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে পুষ্পস্তবক অর্পণ করেন রাজউক-এর চেয়ারম্যান ও সদস্য পর্ষদসহ সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ।

## স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

৫১তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে সকল মুক্তিযোদ্ধা ও বীর শহীদদের



গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শরীফ আহমেদ, এমপি রাজউকে বঙ্গবন্ধুর ম্যূরালে পুষ্পস্তবক অর্পণ করেন

প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করে রাজউক পরিবারের পক্ষ থেকে দিবসটি উদ্‌যাপন করা হয়েছে। এদিন সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির সূচনা হয়। রাজউক মূল ভবনের প্রধান ফটকে স্থাপিত জাতির পিতার ম্যূরালে পুষ্পস্তবক অর্পণ করেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব এবং রাজউক-এর চেয়ারম্যান ও সদস্য পর্ষদসহ সকল শ্রেণির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

## গণশুনানি

রাজউকের চেয়ারম্যান মহোদয়ের উদ্যোগে প্রতিমাসে দুটি গণশুনানির আয়োজন করা হয়। উক্ত গণশুনানিতে আগ্রহী অংশগ্রহণকারীগণ যাতে ঘরে বসে তাদের অভিযোগ দাখিল এবং গণশুনানিতে অংশ গ্রহণ করতে পারেন সে লক্ষ্যে অনলাইন গণশুনানি রেজিস্ট্রেশন (www.hearing.rajuk.gov.bd) সিস্টেম চালু করা হয়েছে।





রাজউক অডিটরিয়ামে অনুষ্ঠিত গণশুনানি

### ঢাকার ঐতিহ্য

লিওনার্দ ওয়েন, দ্য ব্যাপটিস্ট মিশন

## লোহার পুল

ঊনিশ শতকে ঢাকার সবচেয়ে জনপ্রিয় সরকারি কর্মচারী ছিলেন ম্যাজিস্ট্রেট ওয়ালটার্স। তিনি শুধু ঢাকার ম্যাজিস্ট্রেটই ছিলেন না, শহর পরিচ্ছন্ন রাখার জন্য একটি 'ইমপ্রুভমেন্ট কমিটি' গঠিত হয়েছিলো তারও ছিলেন সদস্য। ঢাকার সাধারণ মানুষ তাঁকে পছন্দ করতো এ কারণে যে, শহর উন্নয়নের জন্যে আন্তরিকভাবে তিনি বিভিন্ন কাজে হাত দিয়েছিলেন। গত শতকের ঢাকার একটি 'দ্য লোহার পুল' বা 'আয়রন সাসপেনসন ব্রিজ' এই ওয়ালটার্স সাহেবের আমলেই তৈরি।



লোহার পুল

'লোহার পুল' নির্মাণ করা হয়েছিলো ধোলাই খালের ওপর। এখানে পুল না থাকায়, খালের দু'ধারের লোকজনকে নানা ঝঞ্ঝাট পোহাতে হয়। তাছাড়া তখনকার উঠতি বন্দর ও নারায়ণগঞ্জের সঙ্গে যোগাযোগের জন্য একটি পুল প্রয়োজনীয় হয়ে উঠেছিলো। সরকারি নথিপত্র অনুযায়ী, মুঘল আমলে এখানে একটি পুল ছিলো, কোম্পানি আমলে যা ধ্বংস হয়। ওয়ালটার্স পরিকল্পনা নিলেন ধোলাই খালের ওপর পুল তৈরি করার। এর জন্যে টাকা দরকার। ঢাকাবাসীর কাছে আবেদন জানালেন তিনি চাঁদার। ঢাকাবাসীও সাড়া দিয়েছিলো এ আহ্বানে। ১৮২৮ সালে শুরু হয়েছিল পুল নির্মাণ কাজ। প্রয়োজনীয় জিনিসপত্র আনা হয়েছিলো ইংল্যান্ড থেকে। দু'বছর লেগেছিলো পুল নির্মাণ করতে। উদ্বোধনের দিন প্রথমে একটি হাতি পার করানো হয়েছিলো পুল মজবুত হয়েছে কিনা দেখার জন্য। বর্তমানে আমরা যে লোহার পুল দিয়ে ধোলাই খাল পার হই তা কিন্তু ওয়ালটার্সের তৈরি আসল পুল নয়, যদিও আদি নামটিই রয়ে গেছে। ঢাকাবাসীরা তখন ওয়ালটার্সকে নিয়ে একটি ছড়া বেঁধেছিল–

ওয়ালটার্স সাবনে পুল বানায়া
উসকে নীচে গঞ্জে বসায়া
আওর ডক ধারি কামান লাগায়
গুর গুর চল.....

সূত্র: "ঢাকা স্মৃতি বিস্মৃতির নগরী" লেখক. মুনতাসির মামুন।




ত্রৈমাসিক

# রাজউক বার্তা

## শেষের পাতা

ভলিউম-১২ | সংখ্যা-২ | জানুয়ারি-জুন ২০২২ | বাংলা ১৪২৯


## কর্মকর্তাদের উচ্চশিক্ষা সংক্রান্ত সংবাদ

KOICA শিক্ষাবৃত্তির আওতায় দক্ষিণ কোরিয়ার International School of Urban Sciences of the University of Seoul থেকে জনাব সাঈদ রেজাউল হক, উপ-নগর পরিকল্পনাবিদ (চলতি দায়িত্ব), রাজউক Master of Urban and Regional Development শীর্ষক কোর্সটি ৯৪.৩% নম্বর পেয়ে সফলতার সাথে সম্পন্ন করেছেন। উক্ত কোর্স সমাপনীতে তিনি Best Academic Award ও Global Urban Project Development Fair এ অংশগ্রহণ করে Best Project Award অর্জন করেছেন।



সার্টিফিকেট গ্রহণকালে জনাব সাঈদ রেজাউল হক, উপ-নগর পরিকল্পনাবিদ (চলতি দায়িত্ব), রাজউক

## মাস্ক বিতরণ



হাতিরঝিল এলাকায় মাস্ক বিতরণ

হাতিরঝিল এলাকায় করোনা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব ফারজানা নাসরিন-এর নেতৃত্বে এবং অথরাইজড অফিসার জোন-৬/১ জনাব জোটন দেবনাথের তত্ত্বাবধানে ও জোন-৬/১ এর অন্যান্য কর্মকর্তাগণের উপস্থিতিতে ১৮ জানুয়ারি ২০২২ সালে মোবাইল কোর্ট-এর কার্যক্রম পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনার সময় পুলিশ প্লাজার সামনের বাস কাউন্টার, ওয়াটার বাস কাউন্টার, প্লাটিনাম পার্ক ও হাতিরঝিলের অন্যান্য এলাকায় মাস্ক বিতরণ করা হয় ।

## শোক সংবাদ

- রাজউকের প্রধান ইমারত পরিদর্শক এস এম হাফিজুর রহমান গত ১ জুন ২০২২ সালে ইন্তেকাল করেন। তিনি জোন-৩/২ এ কর্মরত ছিলেন।
- রাজউকের পরিচ্ছন্নতা কর্মী জনাব কৃষ্ণা ১৯ মে ২০২২ সালে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

দু'জন সহকর্মীর মৃত্যুতে রাজউক পরিবার শোক ও সমবেদনা প্রকাশ করছে।


প্রকাশক : **মুহম্মদ কামরুজ্জামান**, পরিচালক (প্রশাসন), রাজউক। রাজউকের পক্ষে প্রকাশক কর্তৃক রাজউক ভবন, মতিঝিল, ঢাকা হতে প্রকাশিত ও **বি. এম. কালার প্রিন্টার্স**, ১৫/১ গোপাল সাহা লেন, সিংটোলা, সূত্রাপুর, ঢাকায় মুদ্রিত। রাজউক বার্তা রেজিস্ট্রেশন নম্বর: ডিএ/২০০০-২৫ ফোন: (৮৮০-২) ৯৫৫৭৬৯৫ রাজউক পিএবিএক্স: (+৮৮০-২) ৯৫৫৬১৬১-৫/১৬৫, ফ্যাক্স : (৮৮০-২) ৯৫৬৩৫৯১